

যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:১৪ এএম

ফলাফল

১২ ক্যাডেট কলেজের ঈর্ষণীয় সাফল্য



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০৪:৪৯ পিএম



ছবি: আইএসপিআর

২০২৫ সালের এইচএসসি ও সমমানের ফল প্রকাশিত হয়েছে আজ ১৬ অক্টোবর। তবে এবার ফলাফলে দেখা গেছে পাশের হার অনেক কম। ১১টি শিক্ষা বোর্ডে এ বছর গড়ে পাশ করেছেন মোটে ৫৮.৮৩ শতাংশ শিক্ষার্থী। যা গেল বারের তুলনায় প্রায় ১৮.৯৫ শতাংশ কম।

তবে এবারের প্রকাশিত ফলাফলে ঈর্ষণীয় সাফল্য অর্জন করেছে দেশের ক্যাডেট কলেজগুলো।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়, দেশের ১২টি ক্যাডেট কলেজ থেকে অংশ নেওয়া ৫৮৯ জন শিক্ষার্থীর মধ্যে ৫৮৭ জনই জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়েছেন। এবারের পাশের হার শতভাগ এবং জিপিএ-৫ প্রাপ্তির হার ৯৯.৬৬ শতাংশ। গতবারও এই ক্যাডেট কলেজগুলোর জিপিএ-৫ প্রাপ্তির হার ছিল ৯৯.৬৬ শতাংশ।

ক্যাডেট কলেজগুলো হলো- ফৌজদারহাট ক্যাডেট কলেজ, ঝিনাইদহ ক্যাডেট কলেজ, মির্জাপুর ক্যাডেট কলেজ, রাজশাহী ক্যাডেট কলেজ, সিলেট ক্যাডেট কলেজ, রংপুর ক্যাডেট কলেজ, বরিশাল ক্যাডেট কলেজ, পাবনা ক্যাডেট কলেজ, ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, কুমিল্লা ক্যাডেট কলেজ, ফেনী গার্লস ক্যাডেট কলেজ এবং জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ।

বাংলাদেশের ক্যাডেট কলেজগুলো প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল এবং ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সভাপতির তত্ত্বাবধানে পরিচালিত আবাসিক শিক্ষাপ্রতিষ্ঠান।

আইএসপিআর জানায়, কলেজ থেকে শিক্ষা লাভের পর ক্যাডেটরা যেন বর্তমান যুগের সঙ্গে তাল মিলিয়ে সম্মানজনক অবস্থানে পৌঁছাতে পারে সেলক্ষ্যে কলেজগুলোতে প্রতিনিয়ত নতুন নতুন শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রম সংযুক্ত হচ্ছে।

আইএসপিআরের বিজ্ঞপ্তিতে জানানো হয়, ক্যাডেট কলেজের ক্যাডেটদের ধারাবাহিক সাফল্যের পেছনে রয়েছে ক্যাডেট কলেজের অভ্যন্তরীণ সুশৃঙ্খল পরিবেশ, ক্যাডেটদের অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা এবং আন্তরিক প্রচেষ্টা। ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সুষ্ঠু দিকনির্দেশনা, ক্যাডেট কলেজগুলোর অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অনুষদ সদস্য, কর্মকর্তা, কলেজে কর্মরত সব শ্রেণির ব্যক্তিদের ঐকান্তিক প্রচেষ্টা এবং সম্মানিত অভিভাবকদের সহযোগিতায় এই সাফল্যজনক ফলাফল অর্জন সম্ভব হয়েছে।